সমকাল

তারিখ .. ০৮ MAY 2015 ...
পৃষ্ঠা ...১... কলাম .... ২......

### 'রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়

# সহকারী শিক্ষক পদে প্যানেলভুক্ত নিয়োগের বাধা নেই

■ সমকাল প্রতিবেদক

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে প্যানেলভুক্তদের নিয়োগের বাধা কেটে গেছে। পরীক্ষায় উত্তীর্ণ প্যানেলভুক্ত ১০ জনকে নিয়োগের বিষয়ে হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের তিন বিচারপতির বেঞ্চ গতকাল বৃহস্পতিবার হাইকোর্টের রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের করা আবেদন খারিজ করে দেন।

প্যানেলভুক্ত ১০ জন হলেন- শফিকুল ইসলাম, হাফিজ আল আসাদ, রওশন জাহান, রওনক জাহান, লতিফা হেলেন, মঞ্জুয়ারা খাতুন, খালেদুজ্জামান, কামরুন্নাহার, আবুল খায়ের ও মঞ্জুর মোর্শেদ।

সংশ্লিষ্ট আইনজীবীরা বলছেন, হাইকোর্টের রায় বহাল হওয়ায় সহকারী শিক্ষক পদে নিয়োগ বঞ্চিত রিটকারী ১০ প্রার্থীকে এখন নিয়োগ দিতে হবে। তারা জানান, উপজেলাভিত্তিক সহকারী শিক্ষক নিয়োগের বিষয়ে উচ্চ আদালতে আরও কয়েকটি রিট বিচারাধীন। আপিল বিভাগের এই আদেশ অন্য রিটগুলোর ক্ষেত্রেও নজির হিসেবে কাজ করবে।

আদালতে রিটকারী ১০ জনের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার রফিক-উল হক। তাকে সহায়তা করেন ব্যারিস্টার ইমাম হোসেন তারেক। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আমাতুল করীম।

২০১০ সালের ১১ এপ্রিল রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। বিজ্ঞপ্তির ৩ নম্বর শর্তে উপজেলাভিত্তিক নিয়োগের কথা বলা হয়েছিল। কিন্তু পরে ২০১২ সালের ২১ মার্চ প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর এক পরিপত্রে উপজেলাভিত্তিক নয়, ইউনিয়নভিত্তিক নিয়োগের উল্লেখ করা হয়। এতে নিয়োগ বঞ্চিত নওগাঁ জেলার ১০ জন ওই পরিপত্রের বৈধতা চ্যালেঞ্জসহ তাদের নিয়োগের নির্দেশনা চেয়ে হাইকোর্টে একটি রিট করেন। গত বছরের ১৮ জুন হাইকোর্ট এক রায়ে ১০ জনকে নিয়োগ দিতে নির্দেশ দেন। পাশাপাশি ইউনিয়নভিত্তিক নিয়োগের পরিপত্রও অবৈধ ঘোষণা করেন। এর বিরুদ্ধে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টরা আপিল করেন।